“কোন ব্যক্তি যদি তার ভাইকে ‘কাফির’ বলে, তবে সেই কুফরির বিষয়টি তাদের যে কোন একজনের উপর বর্তাবে। যদি সে কাফির হয়, (তাহলে ঠিক আছে) অন্যথায় তা নিজের দিকেই ফিরে আসবে।”

ইবনু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “কোন ব্যক্তি যদি তার ভাইকে ‘কাফির’ বলে, তবে সেই কুফরির বিষয়টি তাদের যে কোন একজনের উপর বর্তাবে। যদি সে কাফির হয়, (তাহলে ঠিক আছে) অন্যথায়
তা নিজের দিকেই ফিরে আসবে।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সতর্ক করেছেন যেকোনো মুসলিম যেন তার মুসলিম ভাইকে ‘হে কাফের!’ বলে না ডাকে। কারণ এই কুফরির কথার মাধ্যমে তাদের মধ্যে একজন এটির যোগ্য হয়ে যায়। যদি সে সত্যিই তাই হয় (অর্থাৎ কাফের হয়), তাহলে তা সঠিক। আর যদি তা না হয়, তবে এই কথাটি বলার কারণে তা যে বলেছে তার ওপর ফিরে আসে।

http://sunnah.global/hadeeth/bn/show/66271